5. Members may note that the dividend, as recommended by the Board of Directors on 24 February 2020, if declared at the ensuing AGM, will be paid to those Members whose names appear on the Company's Register of Members/List of Beneficial Owners as on Friday, 11 September 2020 [Book Closure date: Saturday, 12 September 2020 to Friday, 18 September 2020 (both days inclusive)] through any of the electronic mode as approved by the RBI. For Members who do not update their bank account details, dividend warrants/demand drafts/ cheques will be sent to their respective registered addresses once the postal/courier facility is fully functional.
6. **Manner of registering mandate for dividend:**
   To avoid delay in receipt of dividend, Members holding shares in electronic mode are requested to update their bank account details with their respective Depository Participant(s). Members holding share(s) in physical mode are requested to update their bank account details, if required, by sending an email to the Company's Registrar & Transfer Agents at **kolkata@linkintime.co.in** or to the Company at **investor.relations.in@linde.com**. For this purpose, the Members should provide their Folio No., Name of member, self attested scanned copy of PAN card, self-attested scanned copy of Aadhar card and a scanned copy of the cancelled cheque bearing the name of the first member for updating bank account details.
7. Members may note that the Income Tax Act, 1961, as amended by the Finance Act, 2020 mandates that dividends paid or distributed by the Company after 1 April 2020 shall be taxable in their hands. The Company, shall, therefore, be required to deduct tax at source (TDS) at the time of making payment of the dividend. In order to enable us to determine the appropriate TDS rate, as applicable, Members are requested to submit the documents in accordance with the provisions of the Income Tax Act, 1961 to the Registrar's shareholder portal, whose details will be provided in the Notice of the AGM. The detailed tax rates and documents required for availing the applicable tax rates will be provided in the Notice of the AGM.
8. This notice is being issued for the information and benefit of all the Members of the Company in compliance with the applicable circulars of the MCA and SEBI.

For Linde India Limited
**Pawan Marda**
Asst. Vice President & Company Secretary

Date : 11 August 2020
Place : Kolkata

## আরও খবর

### কলকাতায় ৫ অগ্নিকাণ্ড

একই দিনে কলকাতায় পাঁচ জায়গায় অগ্নিকাণ্ড। সকালে নিউ আলিপুর থানা এলাকায় মিলিটারি ক্যাম্পের ভেতর স্তূপীকৃত কাঠে আগুন লেগে যায়। দমকলের ২টি ইঞ্জিন আগুন নিভিয়ে ফেলে। দুপুরে এন্টালি থানা এলাকায় একটি খাবারের দোকানে আগুন লাগে। স্থানীয়রা আগুন নেভাতে শুরু করেন। পরে দমকল পৌঁছে আগুন নেভায়। মেটিয়াবুরুজ থানা এলাকায় একটি কাপড়ের দোকানে আগুন লাগলে দমকল গিয়ে আগুন নেভায়। পর্ণশ্রী থানা এলাকায় দেবলীনা আবাসনে মোটর পাম্পে আগুন ধরে যায়। বিকেলে ভবানীপুর থানা এলাকায় পিএস প্লাস নামে একটি বাড়িতে আগুন ধরে। দমকলের ৩টি ইঞ্জিন গিয়ে আগুন নেভায়। কোনও ক্ষেত্রেই হতাহতের খবর নেই।

### আক্রান্তদের পাশে

ইকো ইন্ডিয়া এবং নোকরি ডট কম যৌথ উদ্যোগে করোনা–আক্রান্তদের সহায়তা দিতে এগিয়ে এল। করোনা যেভাবে ছড়িয়ে পড়ছে দেশ জুড়ে, তাতে শুধু সরকারি পরিষেবায় সমস্ত স্তরের মানুষকে সাহায্য করা সম্ভব নয়। সম্প্রতি নীতি আয়োগ স্বেচ্ছাসেবী সংস্থা এবং নাগরিক সংগঠনগুলিকে আহ্বান জানিয়েছে এই লড়াইয়ে শামিল হতে। ইকো ইন্ডিয়া এবং নোকরি ডট কম ১০ হাজারের বেশি প্রশিক্ষিত চিকিৎসা সহায়ক তৈরি করবে, যারা আক্রান্তদের পরিষেবা দেবে।

### শাবাশ পুলিশ

প্লাজমা থেরাপির জন্য প্লাজমা চেয়ে কলকাতা পুলিশের ফেসবুক পেজ এবং টুইটার হ্যান্ডেলে সোমবার সন্ধেয় এক ব্যক্তি আবেদন জানান। একটি বেসরকারি হাসপাতালে ওই ব্যক্তির আত্মীয় ভর্তি। এবং পরিস্থিতি সঙ্কটজনক। কলকাতা পুলিশ সেই আবেদন জানার পর,কনস্টেবল ভাস্কর বেরা এবং ড্রাইভার পাপ্পুকুমার সিং একটি বেসরকারি হাসপাতালে প্লাজমা দান করেন। কলকাতা পুলিশের কর্মীরা এই সহায়তার জন্য গর্বিত।

### ব্যাঙ্ক প্রতারক

সই জাল করে অন্যের অ্যাকাউন্ট থেকে দু'দফায় ১ লক্ষ টাকা তুলে গোপাল দাস নামে এক ব্যক্তি ধরা পড়ল। বেলঘরিয়ার বাসিন্দা গোপাল একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ওই পরিমাণ টাকা তুলে নেয়। ফের টাকা তুলতে গেলে হাতেনাতে ধরা হয়। ১৩ আগস্ট পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছে আদালত।


### হায় রাম!

জন্মাষ্টমীতে সামাজিক দূরত্ববিধি শিকেয় উঠল নিমতলা এবং উল্টোডাঙায়। মঙ্গলবার নিমতলায় জন্মাষ্টমী উপলক্ষে 'জয় শ্রীরাম' লেখা সন্দেশ বিলি করা হয় এক বিজেপি নেতার উদ্যোগে। সেই সন্দেশ নিতে সামাজিক দূরত্ববিধি ভেঙেই বহু মানুষ লাইন দিয়ে সন্দেশ নেন। অন্যদিকে, উল্টোডাঙায় একটি কমিউনিটি হলের উদ্বোধন উপলক্ষে শ্রীকৃষ্ণ পুজোর আয়োজন করা হয়। এতে বহু মানুষ জড়ো হয়ে ফল কাটেন।

### মানবিক পুলিশ

কারখানায় কাজে যাওয়ার পথে মাথা ঘুরে রাস্তায় পড়ে গিয়েছিলেন টিকিয়াপাড়ার বাসিন্দা মুরারী চ্যাটার্জি (৫৮)। কিন্তু করোনা আতঙ্কে মুখ ফিরিয়ে রইলেন পথচলতি বহু মানুষই। এক ঘণ্টার ওপর রাস্তায় পড়ে রইলেন ওই প্রৌঢ়। মঙ্গলবার সকালে লিলুয়ার বি রোডে রাণিঝিল এলাকায়। খবর পেয়ে পুলিশ তাঁকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়।

### নজরকাড়া



কুমোরটুলিতে বুদ্ধের মুখ! কাজ শেষ হলে নিয়ে যাওয়া হবে গয়ায়। সেখানেই তৈরি হচ্ছে মূর্তির বাকিটুকু। মঙ্গলবার। ছবি: তপন মুখার্জি

# আবার! কুচকাওয়াজের মধ্যে রেড রোডে বেপরোয়া গাড়ি



গাড়ির সঙ্গে অরিত্র সান্যাল। মঙ্গলবার। ছবি: আজকাল

আজকালের প্রতিবেদন

মঙ্গলবার সকালে ১৫ আগস্টের কুচকাওয়াজের মহড়া চলার সময় ফের বেপরোয়া গাড়ি ঢুকে পড়ল। তবে গার্ড রেল থাকায় কোনও পুলিশকর্মী আহত হননি। ওই ঘটনায় ১৯ বছরের পড়ুয়াকে গ্রেপ্তার করা হয়েছে। পরে অবশ্য আদালত থেকে ৫০০ টাকার ব্যক্তিগত জামিন পায় ওই পড়ুয়া। কয়েক বছর আগে সাধারণতন্ত্র দিবসে কুচকাওয়াজের মহড়া চলার সময় একইভাবে একটি গাড়ি ঢুকে পড়েছিল। বায়ুসেনার কর্মী অভিমন্যু গৌড়া ওই ঘটনায় মারা যান। এদিনের ঘটনা সেই স্মৃতিকে উসকে দিল। পুলিশ জানিয়েছে, এদিন সকাল পৌনে ৭টা নাগাদ খিদিরপুর রোড ধরে একটি সেডান গাড়ি রেড রোডের দিকে আসে। ওই গাড়ি চালাচ্ছিল অরিত্র সান্যাল নামে বন্ডেল রোডের এক বাসিন্দা। এদিন সে সকালে গাড়ি চালিয়ে হাওয়া খেতে বেরিয়েছিল। তাকে যখন প্রথমে আটকানো হয়, তখন সে না থেমে গতি বাড়িয়ে দক্ষিণ থেকে উত্তর দিকে চলে যায়। কিন্তু গাড়িতে গতি থাকায় গার্ড রেলের সামনে এসেও নিয়ন্ত্রণ রাখতে পারেনি। গার্ড রেলে ধাক্কা দিয়ে দাঁড় করিয়ে রাখা প্রিজন ভ্যানের পেছনে গিয়ে ধাক্কা মারে। সে–সময়ে মহড়া চলছিল। পদস্থ পুলিশকর্তারাও ছিলেন।

পুলিশকর্মীরা দ্রুত এসে গাড়িটি ঘিরে ফেলেন। চালক অরিত্র অবশ্য আহত হয়নি। গাড়ি বাজেয়াপ্ত করে ময়দান থানায় নিয়ে যাওয়া হয়। গাড়িটি তার মা সুলগ্না সান্যালের নামে রেজিস্ট্রি করা আছে। ২০১৮ সালে গাড়িটি কেনা হয়েছে। কয়েক মাস আগেই অরিত্র ড্রাইভিং লাইসেন্স পেয়েছে। সে ভুবনেশ্বরে একটি বেসরকারি কলেজে পড়াশোনা করে। গাড়িটির বাঁদিকের হেডলাইট ভেঙে যায়। পুলিশ ভারতীয় দণ্ডবিধির ২৭৯ এবং ৪২৭ ধারায় মামলা করে। পরে জামিন পায় অরিত্র।

# শেখ বিনোদ এবার ব্যাঙ্ক প্রতারণায়

আজকালের প্রতিবেদন

কাজের ধারা পাল্টে ফেলে ব্যাঙ্ক জালিয়াতির জন্য ভুয়ো কল সেন্টার খুলেছিল কুখ্যাত দুষ্কৃতী শেখ বিনোদ। একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের টাকা তছরুপের তদন্তে নেমে পুলিশ শেখ বিনোদের যোগসাজশ পায়। তাকে গ্রেপ্তার করা হয়েছে। ১২ আগস্ট পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেয় আদালত।

রিজেন্ট পার্ক থানায় অভিযোগ আসে , পাটনার বাসিন্দা কুমার আনন্দ অনলাইন প্রতারণার শিকার হন। যাঁকে তিনি টাকা পাঠাতে গিয়েছিলেন, তিনি টাকা পাননি। পেয়েছেন অন্য এক ব্যক্তি। তিনি কলকাতার বাসিন্দা। ওই ব্যক্তির অ্যাকাউন্টের খোঁজ করতে গিয়ে পুলিশ চমন সিংকে জেরা শুরু করে। জেরায় চমন জানায়, শেখ বিনোদ তার চালককে একটি অ্যাকাউন্ট খুলতে বলেছিল। সেখানেই জমা পড়ত টাকা। এই চমন শেখ বিনোদের গাড়ির চালক।

গত ১৫ বছর ধরে শেখ বিনোদ অপরাধ জগতের বিভিন্ন শাখায় ঘুরে বেড়িয়েছে। চুরি–ডাকাতি,অপহরণ কিছুই বাদ যায়নি। পরে প্রোমোটারি ছাড়াও ম্যাসাজ পার্লার খুলে মধুচক্রের ব্যবসা শুরু করেছিল। বেআইনি বহুতল নির্মাণ ঘিরে সঙ্ঘাতে জড়িয়ে পড়ে। বিনোদের বাড়ি তল্লাশি করে ৮টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট পাওয়া গেছে। অনুমান, ওই অ্যাকাউন্টগুলিতে প্রতারণার টাকাই ঢুকেছে।

১১ আগস্ট ২০২০
স্বাস্থ্য বুলেটিন এক ঝলকে
কোভিড–১৯ আপডেট

| | |
|---|---|
| আজ সর্বমোট স্যাম্পল পরীক্ষা | ২৭,০১৫ |
| নতুন সংক্রমণ | ২,৯৩১ |
| আজ কোভিড মুক্ত | ৩,০৬৭ |
| রাজ্যে মৃত্যুর হার | ২.১১% |
| সর্বমোট কোভিড মুক্ত | ৭৩,৩৯৫ |
| আজকের দিনে রাজ্যে মোট কোভিড–১৯ পজিটিভ | |
| হোম আইসোলেশনে | ১৮,২৭৯ |
| সেফ হোমে | ১,৬০৮ |
| হাসপাতালে চিকিৎসাধীন | ৫,৯৫৯ |

যে কোনও অনুসন্ধানের জন্য ফোন করুন ১৮০০ ৩১৩ ৪৪৪ ২২২ নম্বরে
এবং কোভিড চিকিৎসা সংক্রান্ত সকল প্রশ্নের উত্তর দিতে
১টাই নম্বরের ৩২টি লাইনে ২৪x৭ থাকছেন ৯৬ জন ডাক্তার।
ফোন করুন ০৩৩ ২৩৫৭ ৬০০১ (Direct) নম্বরে।

সুস্থ থাকুন, ভাল থাকুন

পশ্চিমবঙ্গ সরকার ICA-944(18)/2020

প্রকাশ্য বিজ্ঞপ্তি

যার ক্ষেত্রে এটি প্রযোজ্য হতে পারে

এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মেসার্স অ্যাকজো নোবেল ইন্ডিয়া লিমিটেড (আগে যেটি ইন্ডিয়ান এক্সপ্লোসিভ লিমিটেড/ আইসিআই ইন্ডিয়া লিমিটেড নামে পরিচিত ছিল, রেজিস্টার্ড অফিসের ঠিকানা: ৯ম তল, ম্যাগনাম টাওয়ারস, গল্ফ কোর্স এক্সটেনশন রোড, সেক্টর–৫৮, গুড়গাঁও–১২২ ০১১, হরিয়ানা)–এর নিম্নলিখিত শেয়ার সার্টিফিকেটগুলি হারিয়ে গেছে।

| ক্রম | শেয়ারধারকের নাম | ফোলিও নং | সার্টিফিকেট নং | স্বতন্ত্র নম্বর | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | সুরেখা গান্ধী | সিডিজি০০১ | ২৭৯৯৭৯ | ৪০১১৪৭৫৩–৪০১১৪৭৮৭ | ৩৫ |

ওপরে উল্লেখ করা শেয়ার সার্টিফিকেটগুলি ক্রয় করা বা এগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না–করার জন্য জনসাধারণকে সতর্ক করে দেওয়া হচ্ছে।

ওপরে উল্লেখ করা শেয়ার সার্টিফিকেট(গুলি)র প্রেক্ষিতে কোনও ব্যক্তির কোনও দাবি থাকলে তিনি সেই দাবি এই কোম্পানি বা কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট **সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাঃ) লিঃ, ঠিকানা: পি–২২, বন্ডেল রোড, কলকাতা–৭০০ ০১৯**–এর কাছে এই নোটিস প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে পেশ করতে পারেন, যার পরে আর কোনও দাবি বিবেচনা করা হবে না এবং এই কোম্পানি ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট(সমূহ) ইস্যুর জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

স্থান: মুম্বই
তারিখ: ১১.০৮.২০২০
আইনি দাবিদারের নাম
**সুরেখা গান্ধী**

# দুঃস্থ-মেধাবীদের পাশে

আজকালের প্রতিবেদন

দুঃস্থ ও মেধাবী ছাত্রদের জন্য এবারও এগিয়ে এল রামকৃষ্ণ মিশন কলকাতা বিদ্যার্থী আশ্রম। বেলঘরিয়ার এই আশ্রমে থেকে কলকাতার কলেজগুলিতে পড়াশোনা করতে পারবে দুঃস্থ অথচ মেধাবী ছাত্ররা। উচ্চমাধ্যমিকে ভর্তির জন্য থাকতে হবে কমপক্ষে ৭৫ শতাংশ নম্বর। ফর্ম জমা দেওয়ার শেষ দিন ১৫ আগস্ট। স্নাতক স্তরে ভর্তির জন্য থাকতে হবে অন্তত ৮০ শতাংশ নম্বর। বিদ্যার্থী আশ্রমের সচিব স্বামী একব্রতানন্দ জানিয়েছেন, করোনার কারণে ফর্ম জমা থেকে ভর্তির পরীক্ষা, সবই হবে অনলাইনে। স্নাতকের ফর্ম জমা দেওয়া যাবে ৩১ আগস্ট পর্যন্ত। বিস্তারিত জানা যাবে www.rkmstudentshome.org ওয়েবসাইটে। অন্যদিকে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ পড়ুয়াদের উচ্চশিক্ষার জন্য হাত বাড়িয়ে দিল 'সিঞ্চন'। যারা ৭৫ শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছে তারা নিজের হাতে বিস্তারিত লিখে sinchan.mailbox@gmail.com অথবা sinchancontact@yahoo.com–এ পাঠাতে পারে। আবেদনপত্রের সঙ্গে দিতে হবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিটের প্রতিলিপি, ভবিষ্যৎ শিক্ষাক্রম, পারিবারিক আয়ের প্রমাণ, দুটি পাসপোর্ট সাইজের ফটো, কলেজে ভর্তির প্রমাণ বা চালানের প্রতিলিপি এবং যোগাযোগের নম্বর। আবেদনের শেষ দিন ৩১ আগস্ট।

**CHANGE of NAME**

It is hereby to bring to the notice of all concerned that the name of my son has been changed from **MOEITREYO SAIKIA SONOWAL** as recorded in the certificate of birth issued by Registrar of Birth and Death, **Golaghat, Assam** to **MOITREYA SONOWAL,** and to the effect, an affidavit was filed before the Judicial Magistrate, **1st Class, Bidhannagar, North 24 Paraganas (1452 of 7th day of August, 2020).**
Henceforth, name of my son will be known as **MOITREYA SONOWAL** everywhere.
**DEBA KUMAR SONOWAL**

**মৎস্যজীবী বার্ধক্যভাতা - জয় বাংলা**

এতদ্বারা উত্তর ২৪ পরগনার দুঃস্থ বৃদ্ধ/অক্ষম মৎস্যজীবীদের থেকে জয় বাংলা প্রকল্পে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার কাজ শনি, রবি, ছুটির দিন ও লকডাউন ব্যতিরেকে ১৩-০৮-২০২০ থেকে ২৭-০৮-২০২০পর্যন্ত চলবে। বিস্তারিত জানতে যোগাযোগ করুন নিকটবর্তী ব্লক অফিসে। স্বাঃ/-
**সহ-মৎস্য অধিকর্তা,**
**উত্তর ২৪ পরগনা**
1206/DICO/N24Pgs./BST

**CENTURYPLY®**

## সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড

CIN:L20101WB1982PLC034435
রেজিস্টার্ড অফিস: পি–১৫/১, তারাতলা রোড, কলকাতা–৭০০ ০৮৮
টেলি: +৯১ (০৩৩) ৩৯৪০ ৩৯৫০, ফ্যাক্স: +৯১ (০৩৩) ২৪০১ ৫৫৫৬
ইমেল: investors@centuryply.com; ওয়েবসাইট: www.centuryply.com

### সদস্যগণের প্রতি বিজ্ঞপ্তি

দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ সঙ্গে পঠিতব্য সার্কুলার নং ২০/২০২০ তারিখ ৫ মে, ২০২০, সার্কুলার নং ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল, ২০২০ এবং সার্কুলার নং ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল ২০২০ (একত্রে ''এমসিএ'' সার্কুলার হিসেবে বিবৃত) এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (''লিস্টিং রেগুলেশনস'') সঙ্গে পঠিতব্য সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত সার্কুলার নং SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 তারিখ ১২ মে, ২০২০ অনুযায়ী বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেডের সদস্যগণের ৩৯তম বার্ষিক সাধারণ সভা (''এজিএম'') বুধবার ৯ সেপ্টেম্বর, ২০২০ সকার ১১.০০টায় ভিডিও কনফারেন্সিং (''ভিসি'')/অন্যান্য অডিও ভিসুয়াল (''ওএভিএম'') মাধ্যমে অনুষ্ঠিত হবে।

উপরিউক্ত সার্কুলার সমূহ অনুযায়ী ৩৯তম এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তি এবং বার্ষিক বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২০ সময়ের কোম্পানির বার্ষিক প্রতিবেদন ইমেল মাধ্যমে যে সকল সদস্যগণকে প্রেরণ করা হবে যাদের ইমেল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপেন্টস/রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (''দি আরটিএ'') এর কাছে নথিভুক্ত করা আছে। ভিসি বা ওএভিএম মাধ্যমে এজিএম–তে যোগদানের নির্দেশাবলি এবং ই–ভোটিং মাধ্যমে অংশগ্রহণের পদ্ধতি বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদনের সঙ্গে প্রদান করা হবে।

যে সকল সদস্য ফিজিক্যাল আকারে শেয়ার ধরে রেখেছেন বা যাদের ইমেল ঠিকানা নথিভুক্ত নেই তারা নিম্নলিখিত দস্তাবেজ জমা করবেন কোম্পানির কাছে investors@centuryply.com বা রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) যথা মাহেশ্বরী ডাটামেটিক্স প্রাইভেট লিমিটেড mdpldc@yahoo.com যার দ্বারা ইমেল ঠিকানা নথিভুক্ত করা যায়। ইমেল ঠিকানা নথিভুক্তকরণের পরবর্তী সময়ে তারা ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন।

(১) স্বাক্ষরিত অনুরোধপত্রের স্ক্যান করা কপি যেখানে উল্লেখ থাকতে হবে নাম, ফোলিও নং/ডিপিআইডি এবং ক্লায়েন্ট আইডি এবং শেয়ার সংখ্যা এবং সম্পূর্ণ পোস্টাল ঠিকানা; অথবা সদস্যগণ ''ই–কমিউনিকেশন রেজিস্ট্রেশন ফর্ম'' ব্যবহার করতে পারেন যা পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.centuryply.com–তে ইনভেস্টর বিভাগে।
(২) স্বপ্রত্যয়িত প্যান কার্ডের স্ক্যান করা কপি।
(৩) কোম্পানিতে নিবন্ধন করানো সদস্যের ঠিকানার সমর্থনে যে কোনও নথির (যেমন আধার কার্ড/সর্বশেষ বিদ্যুৎ বিল/সর্বশেষ টেলিফোন/মোবাইল বিল/ড্রাইভিং লাইসেন্স/পাসপোর্ট/ভোটার আইডি কার্ড/ব্যাঙ্ক পাসবুক বিবরণী) স্বপ্রত্যয়িত স্ক্যান করানো কপি।

ডিম্যাট আকারে শেয়ার ধরে রাখা সদস্যগণ সরাসরি তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্টস–এর কাছে ইমেল আইডি আপডেট করবেন।

ফিজিক্যাল আকারে শেয়ার ধরে রাখা সদস্যগণ, যাদের ইমেল ঠিকানা কোম্পানি/আরটিএ–এর কাছে নথিভুক্ত করা আছে, তারা এই সম্পর্কে কোনও পদক্ষেপ গ্রহণ করবেন না।

বিজ্ঞপ্তি এবং আর্থিক বর্ষ ৩১ মার্চ, ২০২০ সময়ের বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.centuryply.com–তে পাওয়া যাবে এবং স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট যথা www.nseindia.com এবং www.bseindia.com–তেও পাওয়া যাবে যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার নথিভুক্ত করা আছে।

**সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেডের পক্ষে**
স্থান: কলকাতা
তারিখ: ১১.০৮.২০২০
**সন্দীপ ঝুনঝুনওয়ালা**
**কোম্পানি সেক্রেটারি**

# মাস্কে তেরঙা অবমাননা?



তেরঙ্গা মাস্ক বিক্রি বন্ধে পথে স্বেচ্ছাসেবীরা। ছবি: শৌভিক দাস

প্রভাস রায়
শিলিগুড়ি, ১১ আগস্ট

দেশের জাতীয় পতাকা অবমাননা করে বিক্রি করা যাবে না তেরঙ্গা মাস্ক। এই দাবিতেই মঙ্গলবার শিলিগুড়ির বিভিন্ন বাজার ঘুরলেন শহরের এক স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা। বাজেয়াপ্ত করা হল বেশকিছু অশোকস্তম্ভ যুক্ত তেরঙ্গা মাস্ক। বিষয়টি নিয়ে শিলিগুড়ি থানায় একটি অভিযোগও জানানো হয়েছে।

প্রসঙ্গত, গেরুয়া–সাদা–সবুজ রং, তার মাঝে অশোকচক্র, বাজার ঘুরলেই এই আদলে মিলছে মুখের মাস্ক। তবে এই মাস্কেই ঘোর আপত্তি রয়েছে শিলিগুড়ির বেশকিছু স্বেচ্ছাসেবী সংস্থার। তাদের বক্তব্য, এই মাস্ক বাজারে বিক্রি চলবে না। কারণ, মাস্ক ব্যবহারের পর তা সাধারণত ডাস্টবিনে ফেলে দেওয়া হয়। এক্ষেত্রেও চরম অপমান হবে দেশীয় পতাকার। এদিন মহাবীরস্থান, হকার্স কর্নার, বিধান মার্কেট–সহ বিভিন্ন মার্কেটে অভিযান চালান ওই স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা। তাঁরা দেখতে পান একাধিক ব্যবসায়ী অশোকস্তম্ভ যুক্ত তেরঙ্গা পতাকা বিক্রি করছেন। ব্যবসায়ীদের সতর্ক করার পাশাপাশি প্রশাসনের অনুমতিতে বেশকিছু মাস্ক বাজেয়াপ্ত করেন। কোনও ব্যবসায়ী যাতে এই মাস্ক বিক্রি না করেন, সেই আবেদন করেন তাঁরা। সংগঠনের পক্ষে পায়েল গুহ বলেন, 'শিলিগুড়ি থানায় একটি অভিযোগ দায়ের করার পর প্রশাসনের অনুমতি নিয়েই বাজারগুলিতে অভিযানে নেমেছি। ১৪ আগস্ট পর্যন্ত আমাদের এই অভিযান চলবে।' পাশাপাশি সাধারণ মানুষের কাছেও তাঁরা আবেদন করেন যাতে এই মাস্ক কেউ ব্যবহার না করেন।

# ক্ষুদিরাম স্মরণে

আজকালের প্রতিবেদন



নবান্নে শ্রদ্ধার্ঘ্য। ছবি: বিজয় সেনগুপ্ত

শ্রদ্ধার সঙ্গে পালন করা হল শহিদ ক্ষুদিরাম বসুর প্রয়াণ দিবস। এই দিনটিকে বাম ছাত্র–যুবরা আত্মবলিদান দিবস হিসেবে পালন করে থাকে। মঙ্গলবার ক্ষুদিরাম বসুর ১১৩তম আত্মবলিদান দিবসে রক্তদান শিবির, কমিউনিটি কিচেন, আলোচনাসভার আয়োজন করা হয়েছিল।

নবান্ন এবং হাইকোর্টের সামনে ক্ষুদিরাম বসুর মূর্তিতে রাজ্যের তথ্য–সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে মাল্যদান করা হয়। কলকাতা হাইকোর্টের সামনে ক্ষুদিরাম বসুর মূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানায় বাম দলের নেতা, ছাত্র–যুব সংগঠনের প্রতিনিধিরা। উপস্থিত ছিলেন এসইউসিআই (সি)–এর রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য, ডিওয়াইএফআইয়ের রাজ্য সম্পাদক সায়নদীপ মিত্র, ডিএসও–র সহ–সভাপতি ডাঃ মৃদুল সরকার প্রমুখ। এদিন ডিওয়াইএফআই, এসএফআই রাজ্যের বিভিন্ন প্রান্তে রক্তদান শিবিরের আয়োজন করেছিল। টালিগঞ্জে 'ফ্রি ডিপার্টমেন্টাল স্টোর'–এর উদ্বোধন করা হয়। অনেক জায়গায় কমিউনিটি কিচেনও শুরু করা হয়। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ পড়ুয়াদের হাতে তুলে দেওয়া হয় ক্ষুদিরামের ছবি লাগানো পোস্টকার্ড। ডিওয়াইও, ডিএসও–র পক্ষ থেকেও বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছিল।

## লিন্ডে ইন্ডিয়া লিমিটেড

Linde
Making our world more productive

CIN: L40200WB1935PLC008184
রেজিস্টার্ড অফিস: অক্সিজেন হাউস, পি ৪৩, তারাতলা রোড, কলকাতা–৭০০ ০৮৮
ফোন: +৯১ ৩৩ ৬৬০২ ১৬০০, ফ্যাক্স: +৯১ ৩৩ ২৪০১ ৪২০৬
ই–মেল: investor.relations@linde.com
ওয়েবসাইট: www.linde.in

### ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি ('ওএভিএম')–এর মাধ্যমে কোম্পানির ৮৪তম অ্যানুয়াল জেনারেল মিটিং, বই বন্ধ ও ডিভিডেন্ডের নোটিস

১. মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এম সি এ) দ্বারা জারিকৃত যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০ ও ৫ মে ২০২০ তারিখ সংবলিত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৭/২০২০ এবং ২০/২০২০ ('এমসিএ সার্কুলারসমূহ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত ১২ মে ২০২০ তারিখ সেবি সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/২০২০/৭৯ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে গঠিত রুলসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর সংস্থানাধীনে ৮৪তম এজিএম–এর নোটিসে উল্লেখমতো কোম্পানির সাধারণ ব্যবসা লেনদেনের জন্য এই কোম্পানির ৮৪তম অ্যানুয়াল জেনারেল মিটিং ('এজিএম') শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২০ তারিখ বেলা ১০.০০টায় (ভারতীয় সময়) কোনও সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি ('ওএভিএম')–এর মাধ্যমে আয়োজিত হবে।

২. সার্কুলারসমূহ যে সকল সদস্যের ই–মেল ঠিকানা এই কোম্পানি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গণ)–এর কাছে নিবন্ধীকৃত রয়েছে, কেবলমাত্র ই–মেলের মাধ্যমে তাঁদের প্রতি অর্থবর্ষে এই কোম্পানির আর্থিক ফলাফলের খতিয়ান সমেত এজিএম–এর নোটিস পাঠানো হবে। এই এজিএমের নোটিস এবং অ্যানুয়াল রিপোর্ট এই কোম্পানির ওয়েবসাইট **www.linde.in** এ ইনভেস্টর রিলেশনস–এর পাশাপাশি স্টক এক্সচেঞ্জের **www.bseindia.com, www.nseindia.com** এ ও এন এস ডি এল এর **https//www.evoting.nsdl.com** এ দেওয়া আছে।

৩. **ই–মেল আইডি নথিভুক্ত/আপডেট করানোর পদ্ধতি**
- ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রাখা সকল সদস্য এই কোম্পানিতে নিজের ই–মেল আইডি রেজিস্টার করান **investor.relations@linde.com** আইডি–তে নিজের নাম, ফোলিও নম্বর, মোবাইল নম্বর, ই মেল আই ডি, প্যান ও আধার কার্ডের স্ব–প্রত্যয়িত স্ক্যান করানো কপি, সাক্ষরিত ই–মেল রেজিস্ট্রেশন ফর্ম পাঠিয়ে। যা পাঠানো যাবে রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট লিংক ইনটাইম প্রাঃ লিঃ র **kolkata@linkintime.co.in** এ। কোম্পানির ওয়েবসাইট **www.linde.in** এ ইনভেস্টর রিলেশনস–এ এই ফর্ম পাবেন। সহায়তা চাইলে সচিব দপ্তরে **investor.relations@linde.com** যোগাযোগ করুন।
- বৈদ্যুতিন ফর্মে শেয়ার ধরে রাখা সদস্যরা কোম্পানির সব কাগজপত্র পেতে নিজেদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট (ডিপি) র কাছে নিজের ই–মেল আইডি আপডেট করিয়ে নিতে পারেন।

৪. **ই–ভোটিং–এর মাধ্যমে ভোটাধিকার পদ্ধতি**
- সদস্যরা নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন রিমোট ই–ভোটিং–এর মাধ্যমে ও এ জি এমে ই–ভোটিং–এ ।
- এজিএম–এর নোটিসে সদস্যদের প্রতি রিমোট ই–ভোটিং–এর বিশদ শর্তাবলী দেওয়া হবে।
- সদস্যদের ভিসি/ওএভিএম–এর মাধ্যমে অংশ গ্রহণ কোম্পানি আইন ২০১৩ এর ১০৩ ধারায় কোরাম তৈরির জন্য স্বীকৃত হবে।

৫. ২৪ ফেব্রুয়ারি ২০২০–তে বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা সুপারিশ করা ডিভিডেন্ড এজিএমে ঘোষিত হল ১১ সেপ্টেম্বর, ২০২০–তে [বই বন্ধ: শনিবার ১২ সেপ্টেম্বর, ২০২০ থেকে শুক্রবার ১৮ সেপ্টেম্বর, ২০২০ (উভয় দিন সমেত) কোম্পানির সদস্য নথি/সুবিধাভোগী মালিক তালিকায় যাঁদের নাম থাকবে তাঁরা আরবিআই অনুমোদিত উপায়ে বৈদ্যুতিনভাবে পেতে পারবেন। যে সদস্যগণ ব্যাঙ্ক অ্যাকাউন্ট আপডেট করেননি তাঁরা ডিভিডেন্ড ওয়ার্যান্ট/ডিমান্ড ড্রাফট/চেক পাবেন ডাক/ক্যুরিয়ার পুরো চালু হবার পর তাঁদের নথিভুক্ত ঠিকানায়।

৬. **ডিভিডেন্ডের জন্য নথিভুক্তির উপায়**
ডিভিডেন্ড বিলম্বে পাওয়া এড়াতে বৈদ্যুতিন মাধ্যমের শেয়ারধারীরা ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নথিভুক্ত করুন। বাস্তবিক আকারে শেয়ারধারীরা ব্যাঙ্ক অ্যাকাউন্ট জানিয়ে রাখুন কোম্পানির রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্টকে kolkata@linkintime.co.in–এ বা কোম্পানিতে investor.relations.in@linde.com–এ মেল করে। এর জন্য দেবেন ফোলিও নং, সদস্যের নাম, প্যান কার্ডের স্বপ্রত্যয়িত কপি, আধার কার্ডের স্বপ্রত্যয়িত কপি ও বাতিল চেকের স্ক্যান করা কপি যাতে প্রথম সদস্যের নাম থাকে।

৭. সদস্যগণ খেয়াল করবেন যে আইকর আইন ১৯৬১ যা ফিনান্স অ্যাক্ট ২০২০–তে পরিমার্জিত অনুযায়ী ১ এপ্রিল ২০২০ পরবর্তী সময়ে কোম্পানি দ্বারা প্রদত্ত ডিভিডেন্ড করযোগ্য। কোম্পানি, সেই কারণে, ডিভিডেন্ড প্রদানের সময়ে উৎসমূলে কর বিয়োজিত (টিডিএস) করতে বাধ্য। প্রচলিত টিডিএস হার নির্ধারণের জন্য সদস্যগণকে আয়কর আইন ১৯৬১ অনুযায়ী রেজিস্ট্রারস শেয়ার হোল্ডার পোর্টালে দস্তাবেজ জমা করতে অনুরোধ করা হচ্ছে যা এজিএম বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে। করের হার এবং দস্তাবেজের বিশদ প্রযোজ্য করের হারের জন্য এজিএম বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে।

৮. প্রযোজ্য এমসিএ সার্কুলার(সমূহ) এবং সেবি সার্কুলার অনুযায়ী সদস্যদের তথ্য ও জ্ঞাতার্থে এই নোটিস জারি করা হল।

লিন্ডে ইন্ডিয়া লিমিটেড–এর পক্ষে
তারিখ: ১১.০৮.২০২০
**পবন মারদা**
স্থান: কলকাতা
সহ ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানি সেক্রেটারি

## গুডরিক গ্রুপ লিমিটেড

**রেজিস্টার্ড অফিস: 'ক্যামেলিয়া হাউস'**
১৪ গুরুসদয় রোড, কলকাতা–৭০০০১৯
**ইমেল:** goodricke@goodricke.com **ওয়েবসাইট:** www.goodricke.com
**ফোন নং:** ২২৮৭৩০৬৭, ২২৮৭৮৭৩৭, ২২৮৭১৮১৬
**ফ্যাক্স নং:** (০৩৩) ২২৮৭২৫৭৭, ২২৮৭৭০৮৯, CIN: L01132WB1977PLC031054

### বার্ষিক সাধারণ সভা এবং বই বন্ধ সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে:

(ক) গুডরিক গ্রুপ লিমিটেডের ('দি কোম্পানি') ৪৪তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ অন্যান্য অডিও ভিসুয়াল মাধ্যমে ('ওএভিএম') মঙ্গলবার ১৫ই সেপ্টেম্বর ২০২০ তারিখ ভারতীয় সময় বেলা ২.৩০টায় অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে যেখানে এজিএম বিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়ের ওপর আলোচনা করা হবে।

(খ) অতিমারী কোভিড–১৯ এবং সাধারণের যাতায়াতের ওপর নিষেধাজ্ঞার কারণে কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারিকৃত ০৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ২১শে এপ্রিল ২০২০, ০৫ মে ২০২০, এবং ১৫ মে ২০২০ তারিখের সার্কুলার সমূহ ('সার্কুলারস') অনুযায়ী সদস্যগণের শারীরিক উপস্থিতি ব্যতিরেকে ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএম অনুষ্ঠিত করবার অনুমতি প্রদান করা হয়েছে। দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ ('দি অ্যাক্ট'), সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশন ২০১৫ (দি লিস্টিং রেগুলেশনস) এবং সার্কুলার সমূহ অনুযায়ী ৪৪তম এজিএম/ভিসি/ওএভিএম মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং সদস্যগণ ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএম–তে অংশগ্রহণ করতে পারবেন।

(গ) কোম্পানি সদস্যগণকে ৪৪তম এজিএম–তে ভিসি মাধ্যমে অংশগ্রহণ করবার সুবিধা প্রদান করেছেন এবং এই সুবিধা এনএসডিএল প্রদান করছেন।

(ঘ) উপরিউক্ত সার্কুলার সমূহ অনুযায়ী এডিএম বিজ্ঞপ্তিসহ ২০১৯–২০ সময়ের বার্ষিক প্রতিবেদন, যে সকল সদস্যের ইমেল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরিজ–এর কাছে নথিভুক্ত আছে, তাদের কাছে বৈদ্যুতিন মাধ্যমে প্রেরণ করবেন। সদস্যগণ খেয়াল রাখুন যে এজিএম বিজ্ঞপ্তিসহ বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট: www.goodricke.com, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট যথা বিএসই লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com এবং এনএসডিএল এর ওয়েবসাইট www.nsdl.com-তে পাওয়া যাবে।

(ঙ) দি অ্যাক্টের সেকশন ১০৮ সঙ্গে পঠিতব্য দি কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪, লিস্টিং রেগুলেশন অ্যান্ড সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস অন জেনারেল মিটিং অনুযায়ী এজিএম বিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়সমূহের উপর বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদানের সুবিধা (রিমোট ই–ভোটিং এবং এজিএম চলাকালীন ভোট প্রদান) দিয়েছেন এবং বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদানের জন্য এনএসডিএল–র পরিষেবা নিয়োগ করেছেন। রিমোট ই–ভোটিং/ই–ভোটিং সম্পর্কিত বিশদ পদ্ধতি এজিএম বিজ্ঞপ্তিতে বর্ণিত।

(চ) যে সকল শেয়ারধারক ফিজিক্যাল আকারে শেয়ার ধরে রেখেছেন এবং কোম্পানির কাছে ইমেল ঠিকানা নথিভুক্ত/আপডেট করেননি কিন্তু নথিভুক্ত/আপডেট করাতে ইচ্ছুক তারা কোম্পানির ইনভেস্টর সার্ভিসেস ডিভিশন–এর সঙ্গে যোগাযোগ/লিখতে পারেন যার ইমেল subrata@goodricke.com বা রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ইমেল rta@cbmsl.com। যে সকল শেয়ারধারক ডিমেটিরিয়ালাইজড আকারে শেয়ার ধরে রাখছেন তাঁরা ডিপোজিটরি পার্টিসিপেন্ট–এর সঙ্গে যোগাযোগ/লিখতে পারেন যার দ্বারা তাঁদের ইমেল ঠিকানা নথিভুক্ত এবং আপডেট করা যায়।

**বোর্ডের আদেশানুসারে**
**গুডরিক গ্রুপ লিমিটেড**
**এস ব্যানার্জি**
তারিখ: ১২ আগস্ট ২০২০
**ভাইস প্রেসিডেন্ট অ্যান্ড কোম্পানি সেক্রেটারি**
স্থান: কলকাতা
**ACS 4359**